# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**17 JANUARY 2025** **7:45—7:55**

---

(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ পশ্চিমবঙ্গের মালদহ টাউন রেলস্টেশন থেকে ভার্চুয়্যাল ব্যবস্থায় কামাখ্যা এবং হাওড়ার মধ্যে চলাচলকারী দেশের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেনের যাত্রার সূচনা/

(২) প্রধানমন্ত্রীর আজ সন্ধ্যায় গুয়াহাটির সরুসজাইয়ে দশ হাজারেরও বেশি শিল্পীর পরিবেশন করা বাগরুম্বা নৃত্য উপভোগ/

(৩) আগামী ১৬ই ফেব্রুয়ারি থেকে দিসপুরে আসাম বিধানসভার বাজেট অধিবেশন আরম্ভ/

এবং

(৪) সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও রূপকোঁয়র জ্যোতিপ্রসাদ আগরওয়ালের স্মৃতি দিবস আজ শিল্পী দিবস হিসেবে উদযাপন/

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পশ্চিমবঙ্গের মালদহ রেল স্টেশন থেকে ভার্চুয়্যাল ব্যবস্থায় কামাখ্যা এবং হাওড়ার মধ্যে চলাচলকারী দেশের প্রথম বন্দে ভারত স্লিপার ট্রেনের যাত্রার সূচনা করেছেন । আধুনিক ভারতের বর্ধিত পরিবহণ চাহিদা অনুযায়ী নির্মাণ করা সম্পূর্ণরূপে শীততাপ নিয়ন্ত্রিত এই ট্রেনটি বহনসাধ্য দামে যাত্রীদের বিমান যাত্রার মতো সুবিধা এবং অভিজ্ঞতা প্রদান করবে । এই ট্রেনটি দূরবর্তী অঞ্চলের যাত্রা বেশি দ্রুত, নিরাপদ এবং সুবিধাজনক করে তুলবে বলে আশা করা হচ্ছে । এদিকে এই উপলক্ষে মালিগাঁওয়ের কামাখ্যা স্টেশনে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহণ করে মুখ্যমন্ত্রী

ডঃ হিমন্তবিশ্ব শর্মা বলেন যে- এই রেলসেবা গুয়াহাটি এবং কোলকাতার মধ্যে যাতায়াত ব্যবস্থা আরো সচল করার পাশাপাশি যাত্রীদের সময়ও বাঁচবে । এই অত্যাধুনিক ট্রেনটি ঐতিহাসিক এবং সাংস্কৃতিক বন্ধনে জড়িয়ে থাকা উভয় রাজ্যের মধ্যে সম্পর্ক আরো সুদৃঢ় করবে বলেও প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেছেন ।

মুখ্যমন্ত্রী তাঁর ভাষণে গুয়াহাটি থেকে হাওড়া পর্যন্ত রেলসেবা চালু করার জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণৈ'কে কৃতজ্ঞতা জানিয়েছেন । আসাম প্রদেশ বিজেপির সভাপতি ও সাংসদ দিলীপ শইকিয়াও রঙিয়া স্টেশন থেকে পতাকা নেড়ে এই রেলযাত্রার সূচনা করেন ।

---------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে আজ সন্ধ্যায় সরুসজাইয়ের অর্জুন ভোগেশ্বর বড়ুয়া ক্রীড়া প্রকল্পে দশ হাজারেরও বেশি শিল্পী বাগরুম্বা নৃত্য প্রদর্শন করছেন । অনুষ্ঠানে রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য এবং মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা উপস্থিত রয়েছেন । আসামের নিজস্ব সাংস্কৃতিক ঐতিহ্যের অংশস্বরূপ বড়ো জনগোষ্ঠীর বাগরুম্বা নৃত্যের বিশ্বজুড়ে প্রসারের লক্ষ্যে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে ।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আসাম সহ বড়ো সম্প্রদায়ের সাংস্কৃতিক ঐতিহ্যের ভূয়সী প্রশংসা করেন । তিনি বিহু নৃত্যের বিশ্ব রেকর্ড ও ঝুমইর বিনন্দিনীতে অংশ নেওয়ার অভিজ্ঞতার কথা উল্লেখ করেন । তিনি এই আয়োজনের জন্য সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানিয়েছেন । বড়ো জনগোষ্ঠীর কল্যাণে অবদান রাখা বিশিষ্ট ব্যক্তিদের ত্যাগের কথা তিনি শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন ।

অনুষ্ঠানে রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা বড়ো জনগোষ্ঠীর প্রাচীন ঐতিহ্যের কথা স্মরণ করেন ।

---------------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী শ্রী মোদী আগামীকাল কলিয়াবরের মৌচন্দা মাঠে একটি জনসভায় কলিয়াবর থেকে বোকাখাট পর্যন্ত ছ'হাজার ৯৫৭ কোটি টাকা ব্যয়সাপেক্ষে নির্মিয়মান কাজিরাঙ্গা এলিভেটেড করিডোরের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন । এই এলিভেটেড করিডোর জাতীয় উদ্যানটির সকল জীবজন্তুর নির্বিঘ্নে চলাচলের বিষয়টি নিশ্চিত করবে এবং মানুষ ও জীব জন্তুর সংঘাত হ্রাস করার ক্ষেত্রে সহায়ক হবে । এলিভেটেড করিডোরটি নির্মাণের কাজ সম্পূর্ণ হয়ে উঠলে ওই অঞ্চলে সড়ক সুরক্ষা বৃদ্ধি পাবে, যাতায়াতের সময় হ্রাস পাবে এবং দুর্ঘটনার হারও হ্রাস পাবে ।

প্রধানমন্ত্রী তাঁর এই সফরকালে ডিব্রুগড় থেকে লক্ষ্ণৌর গোমতী পর্যন্ত এব্য কামাখ্যা থেকে রোহতক পর্যন্ত চলাচলকারী দুটি নতুন অমৃত ভারত এক্সপ্রেস ট্রেনের যাত্রার সূচনা করবেন । এই নতুন রেলসেবা উত্তর-পূর্বাঞ্চল এবং উত্তর ভারতের মধ্যে রেল যোগাযোগ ব্যবস্থা আরো সুদৃঢ় করবে ।

---------------------------------------------------------------------------------------

আগামী ছয়ই ফেব্রুয়ারি আসামে মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর প্রকল্পের সূচনা করা হবে । রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা গতকাল ফেসবুক লাইভে একথা জানিয়ে বলেছেন যে- এই প্রকল্পের মাধ্যমে ৭৫ হাজার যুবক দুই লক্ষ টাকা করে লাভ করবে । তিনি আরো বলেন যে- স্নাতক পরীক্ষায় উত্তীর্ণদেরকে আর্থিক দিক থেকে সহায়তা করার উদ্দেশ্যে আগামী ১১ই ফেব্রুয়ারি জীবন প্রেরণা প্রকল্প চালু করা হবে । মুখ্যমন্ত্রী একইসঙ্গে আগামী দশই ফেব্রুয়ারির মধ্যে সবধরণের নিযুক্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে বলে জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

আসাম বিধানসভার বাজেট অধিবেশন আগামী ১৬ই ফেব্রুয়ারি থেকে দিসপুরে আরম্ভ হবে । বিধানসভা সচিবালয় সূত্রে এই সম্পর্কে বিজ্ঞপ্তি জারি করা হয়েছে । চারদিনের এই অধিবেশনে আসন্ন বিধানসভা নির্বাচনের জন্যে এইবার পূর্ণাঙ্গ বাজেটের পরিবর্তে লেখানুদান দাখিল করা হবে ।

---------------------------------------------------------------------------------------

জনপ্রীয় শিল্পী জুবিন গার্গের মৃত্যু মামলায় আগামী ৩০ শে জানুয়ারী সাতজন অভিযুক্তের বিরুদ্ধে আইনের কোন কোন ধারায় বিচার চালানো হবে তা নিশ্চিত করা হবে । এই মামলার আজ চতুর্থ শুনানি গ্রহণ করা হয় ।এই শুনানিতে সাতজন অভিযুক্তকে ভার্চুয়েলি আদালতে হাজির করানো হয় । আদালত ২২ শে জানুয়ারী অভিযুক্তদের জামিন আবেদনের শুনানি গ্রহণ করবে ।এদিকে সরকারী আইনজীবী আজ আদালতে অতিরিক্ত সময় সময় চেয়ে অনুরোধ জানান ।

---------------------------------------------------------------------------------------

সমগ্র শিক্ষা- আসাম, তাৎক্ষণিকভাবে কার্যকরী করার জন্য রাজ্যের সব জেলা এবং ব্লক পর্যায়ের আধিকারিকদের শিক্ষা সেতু এ্যাপ'এ তাদের উপস্থিতি নিশ্চিত করার নির্দেশ দিয়েছে । সমগ্র শিক্ষা- আসামে'এর মিশন সঞ্চালক এই সম্পর্কে নির্দেশ জারি করেছেন ।

---------------------------------------------------------------------------------------

সমগ্র রাজ্যে সঙ্গে বরাক উপত্যকায় আজ বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে মহান শিল্পী , সুন্দরের পূজারি রূপকোঁয়র জ্যোতিপ্রসাদ আগরওয়ালের ৭৫ তম স্মৃতি দিবস শিল্পী দিবস হিসেবে পালিত হচ্ছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ মহান শিল্পী তথা অসমীয়া কথাছবির পথদ্রষ্টা , স্বাধীনতা সংগ্রামী রূপকোঁয়র জ্যোতিপ্রসাদ আগরওয়ালকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন । রূপকোঁয়রের চিন্তা চেতনা আমাদের সমাজ জীবন আলোকিত করবে বলে তিনি আশা প্রকাশ করেন ।
এদিকে এই দিবস উপলক্ষে আজ রাজ্যের বিভিন্ন প্রান্তে জ্যোতিপ্রসাদ আগরওয়ালের স্মরণে আলোচনা সভা , শিল্পী সাহিত্যিকদের সম্বর্ধনা জ্ঞাপন , সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদির আয়োজন করা হয় ।

------------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলায়ও বিভিন্ন কার্যসূচির মাধ্যমে শিল্পী দিবস পালন করা হয়েছে । শিলচরে আজ শিল্পী দিবস উপলক্ষে জেলা আয়ুক্তের কার্যালয়ের নতুন সম্মেলন কক্ষে কাছাড়ের জেলা উন্নয়ন আয়ুক্ত রাজীব রায়ের পৌরহিত্যে রূপকোঁয়র জ্যোতিপ্রসাদ আগরওয়ালের স্মৃতির উদ্দেশ্যে শ্রদ্ধা জানানো হয় । এই অনুষ্ঠানে জেলার দুই সহকারী আয়ুক্ত অঞ্জলি কুমারী এবং দীপা দাস সহ জেলা প্রশাসনের আধিকারিক ও কর্মচারীরা, ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা এবং শিল্পীরা উপস্থিত ছিলেন । অনুষ্ঠানের শুরুতে আসামের শিল্প সংস্কৃতির বিকাশে রূপকোঁয়র জ্যোতিপ্রসাদ আগরওয়ালের অনবদ্য অবদানের বিষয় নিয়ে আলোচনা করা হয় । এছাড়া স্থানীয় বেশকয়েকজন শিল্পী সঙ্গীত পরিবেশন করেন ।

------------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা আয়ুক্ত কার্যালয়ের সম্মেলন কক্ষে আজ যথাযোগ্য মর্যাদায় শিল্পী দিবস পালন করা হয়েছে ।জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে আয়োজিত অনুষ্ঠানে রূপকোঁয়র জ্যোতিপ্রসাদ আগরওয়ালের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয় । অনুষ্ঠানে জেলা প্রশাসনের আধিকারীকরা অসমীয়া সাহিত্য , সঙ্গীত নাটক ও চলচ্চিত্রের অগ্রগতিতে জ্যোতিপ্রসাদ আগরওয়ালের অবদানের কথা তুলে ধরেন এবং সমাজ জীবনে শিল্পীদের ভূমিকার গুরুত্ব সম্পর্কে আলোকপাত করেন ।

------------------------------------------------------------------------------------------------

আসাম সরকার ২০২৬ সালের শিল্পী পুরস্কারের জন্য বিশিষ্ট লোকসঙ্গীত শিল্পী ধনদা পাঠক এবং মরণোত্তরভাবে কামরূপিয়া এবং গোয়ালপাড়িয়া লোকগীতির শিল্পী সমর হাজারিকাকে মনোনীত করা হয়েছে । আগামী ফেব্রুয়ারী মাসে এই পুরস্কার সমুহ প্রদান করা হবে । অনুরূপভাবে বিশিষ্ট সাহিত্যিক মনেশ্বর দেউরীকে ২০২৫ সালের কৃষ্ণকান্ত

সন্দিকৈ স্মারক পুরস্কার , শিক্ষাবিদ ডঃ অমলেন্দু চক্রবর্তীকে গোপীনাথ বরদলৈ জাতীয় সংহতি পুরস্কার , নাট্যশিল্পী করুণা ডেকাকে নটসূর্য ফণী শর্মা পুরস্কার , চলচ্চিত্র নির্মাতা অরূপ মান্নাকে ভবেন্দ্রনাথ শইকিয়া পুরস্কার এবং অবণীরঞ্জন পাঠককে বিজু ফুকন পুস্কারের জন্য মনোনীত করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি পুলিশ বিভাগ ও জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে আগামী ২৪ সে জানুয়ারী হাইলাকান্দি এস এস কলেজে আন্তঃকলেজ ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে । পরেরদিন অর্থাৎ ২৫ শে জানুয়ারী কলেজের শিক্ষার্থীদের জন্য একটি বিশেষ অনুপ্রেরণামূলক কর্মসূচীর আয়োজন করা হয়েছে এতে শিক্ষার্থীদের ইউ পি এস সি ও এ পি এস সি পরীক্ষায় সফল হওয়ার জন্য উৎসাহিত করা হবে ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থার মাঠে আয়োজিত অষ্টম আসাম প্রিমিয়ার ক্লাব চ্যাম্পিয়নশিপের লিগ পর্বের শেষ ম্যাচে প্রতিপক্ষ দুই দল মায়া ক্লাব ও কাটলিছড়া স্পোর্টস এসোসিয়েশন মাঠে অনুপস্থিত থাকায় এই ম্যাচকে পরিত্যাক্ত বলে ঘোষণা করা হয়েছে । সাধারণতন্ত্র দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানের পর এই প্রতিযোগিতার সেমিফাইনেল ও ফাইনেল ম্যাচ অনুষ্ঠিত হবে বলে জেলা ক্রীড়া সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------